

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 06.10.2024**

**Time: 7.50 P.M**

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১) দক্ষিণ ২৪ পরগনার জয়নগরে স্কুল ছাত্রীকে ধর্ষণ ও খুনের অভিযোগ এবং প্রতিবাদে এলাকার হাজার হাজার মানুষ আজ বিচারের দাবিতে পথে নামেন। #কলকাতা হাইকোর্ট নিহত বালিকার ময়নাতদন্ত আগামীকাল কল্যাণীর এইমস হাসপাতালে করার নির্দেশ দিয়েছে। #মুখ্যমন্ত্রী বলেছেন, পকসো মামলায় বিচার করে তিন মাসের মধ্যে দোষীর ফাঁসি হওয়া উচিত।
- ২) পূর্ব মেদিনীপুরের পটাশপুরে এক গৃহবধূকে বাড়ি থেকে তুলে নিয়ে গিয়ে ধর্ষণ ও কীটনাশক খাইয়ে খুনের দায়ে অভিযুক্ত যুবকের গণপ্রহারের পর হাসপাতালে মৃত্যু হয়েছে।
- ৩) আর জি কর কান্তে নির্যাতিতার বাবা মা পুজোর চারদিন মেয়ের ন্যায়বিচারের দাবিতে বাড়ির সামনে অবস্থানে বসবেন। #১০ দফা দাবিতে জুনিয়ার চিকিৎসকদের আমরণ অনশন চলছে।
- ৪) ধ্রুপদী ভাষার মর্যাদা পাওয়ার পরই রাজ্যে বেসরকারি ইংরেজী মাধ্যম স্কুলগুলিতে সরকার বাংলা বাধ্যতামূলক করার উদ্যোগ নিচ্ছে।
- ৫) পুজোর মধ্যে রাজ্যে কোথাও ভারি বৃষ্টির সম্ভাবনা নেই বলে আবহাওয়া দণ্ডে সুসংবাদ দিয়েছে।

দক্ষিণ ২৪ পরগনার জয়নগরে স্কুলছাত্রীকে ধর্ষণ ও খুনের অভিযোগে আজও দিনভর পরিস্থিতি ছিল উত্তপ্ত। সকাল থেকে এলাকার হাজার হাজার মানুষ বিচারের দাবিতে পথে নামেন। বৃষ্টি মাথায় নিয়ে মিছিল করেন সাধারণ মানুষ। এর জেরে কার্যত অবরুদ্ধ হয়ে পড়ে জয়নগর ও কুলতলির একাধিক এলাকা। আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন,

### ভয়েসকাস্ট

দক্ষিণ ২৪ পরগনার জয়নগরে চতুর্থ শ্রেণীর ছাত্রীকে ধর্ষণ ও খুনের অভিযোগে প্রতিবাদ বিক্ষেপের মধ্যেই নিহতের দেহের ময়নাতদন্ত কল্যাণী এইমস হাসপাতালে করার নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। আজ জরুরী শুনানিতে কলকাতা হাইকোর্টের বিচারপতি তীর্থকর ঘোষ বলেন, কল্যাণী এইমসে ময়না তদন্তের সঠিক পরিকাঠামো না থাকলে কল্যাণী জেএনএম হাসপাতালে ময়না তদন্ত করানো যেতে পারে। মেয়েটির বয়স ১০ বছরের কম হওয়া সত্ত্বেও, কেন পকসো আইনে মামলা রুজু হয়নি, তা নিয়ে প্রশ্ন তুলে এই আইনের ধারা যুক্ত করারও নির্দেশ দেন বিচারপতি।

উল্লেখ্য, বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে কোনো কেন্দ্রীয় হাসপাতালে মেয়ের দেহের ময়না তদন্তের দাবি জানিয়েছিলেন, মৃতার বাবা। প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানমের নির্দেশ মেনে আজ জরুরী ভিত্তিতে মামলার শুনানির সময়, কম্যান্ড হাসাপাতালের তরফে জানানো হয়, সেখানে সাধারণ মানুষের ময়নাতদন্ত সম্ভব নয়।

শেষ পর্যন্ত আগামীকাল কল্যাণী এইমসে ময়নাতদন্তের নির্দেশ দেয় হাইকোর্ট।  
ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে হবে ময়নাতদন্ত।

---

জয়নগরের ঘটনায় পকসো মামলায় বিচার করে তিন মাসের মধ্যে দোষীকে ফাঁসির নির্দেশ দেওয়া হোক বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মন্তব্য করেছেন। আজ আলিপুর বডিগার্ড লাইনসের পুজোর উদ্বোধনী অনুষ্ঠানে তিনি বলেন, যে অপরাধ করবে তার বিরুদ্ধেই কড়া ব্যবস্থা নেওয়া হবে। যারা আন্দোলন করছেন, সেটা তাদের ন্যায় অধিকার বলেই তিনি মন্তব্য করেছেন।

### বাইট

বিজেপির রাজ্য সম্পাদক প্রিয়াঙ্কা টিবরেওয়াল জয়নগরের ঘটনায় জাতীয় শিশু ও মহিলা সুরক্ষা কমিশনের হস্তক্ষেপ চেয়েছেন।

---

পূর্ব মেদিনীপুরের পটাশপুর থানা এলাকায় এক গৃহবধূকে বাড়ি থেকে তুলে নিয়ে গিয়ে ধর্ষণ ও কীটনাশক খাইয়ে খুনের অভিযোগ উঠেছে। সুখচাঁদ মাইতি নামে প্রতিবেশী এক যুবক এই ঘটনায় মূল অভিযুক্ত। নিহত মহিলা সুখচাঁদের অবৈধ সম্পর্কের কথা জেনে ফেলায় তাকে ধর্ষণ ও খুন করা হয় বলে গ্রামবাসীরা অভিযোগ করেছে। মহিলার স্বামীর অনুপস্থিতির সুযোগে তাকে বাড়ি থেকে তুলে নিয়ে গিয়ে প্রথমে মারধর করা হয়। তারপর তাকে ধর্ষণ করে কীটনাশক খাওয়ানো হয় বলে জানা গেছে। গ্রামবাসীরা সুখচাঁদকে ধরে ফেলে ব্যাপক মারধর করে। সুখচাঁদ ঘনিষ্ঠ এক

মহিলাকেও মারধর করা হয়। পুলিশ তাদের এগরা হাসপাতালে নিয়ে ঘাওয়ার পর আজ দুপুরে সুখচাঁদের মৃত্যু হয়।

বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এই ঘটনার তীব্র নিন্দা করে বলেছেন, বাংলার মানুষ অঙ্কার এবং ভয়ের রাজ্যে বাস করছে। বাংলার মহিলাদের প্রতি মাসে এক হাজার টাকার বিনিময়ে মুখ্যমন্ত্রীর কাছে সম্মান বন্ধক রাখা হয়েছে কিনা শ্রী মজুমদার সেই নিয়েও প্রশ্ন তোলেন। মহিলাদের নিরাপত্তা নিশ্চিত করতে না পারলে ব্যর্থ মুখ্যমন্ত্রী হিসাবে অবিলম্বে তাঁর পদত্যাগ করা উচিত বলেও তিনি দাবি করেন।

এদিকে, প্রদেশ কংগ্রেস সভাপতি শুভক্ষর সরকারের নেতৃত্বে এক প্রতিনিধি দল আজ পটাশপুরে নির্যাতিতার বাড়িতে গিয়ে পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন। বাংলা জুড়ে নারী নির্যাতন মাথাচাড়া দিয়ে উঠেছে বলে অভিযোগ করেন তিনি।

---

আর জি কর কান্তে নির্যাতিতার বাবা মা ষষ্ঠী থেকে পুজোর চার দিন মেয়ের ন্যায়বিচারের দাবিতে বাড়ির সামনেই ধর্ণামণ্ড করে অবস্থানে বসবেন। সঙ্গে থাকবেন এলাকার মানুষ। সাংবাদিকদের আজ তিলোকমার বাবা মা বলেন, ১০ দফা দাবিতে জুনিয়র চিকিৎসকদের অনশন আন্দোলনে তাঁদের সমর্থন রয়েছে। কুলতলী, পটাশপুর সহ একাধিক জায়গায় শিশু মহিলাদের উপর নির্যাতনের ঘটনার সমালোচনা করে তাঁরা বলেন-

(বাইট)

---

১০ দফা দাবিতে জুনিয়ার চিকিৎসকদের আমরণ অনশন কর্মসূচির প্রায় ২৪ ঘন্টা অতিক্রান্ত। পূর্ব ঘোষণা মতোই গতকাল রাত সাড়ে আটটা থেকে আমরণ অনশনে বসেছেন বিভিন্ন মেডিক্যাল কলেজের মোট ছয়জন জুনিয়র ডাক্তার। তাদের সহমর্মিতা জানিয়ে পাশে দাঁড়িয়েছেন বিভিন্ন হাসপাতালে সিনিয়র চিকিৎসক ছাড়াও বহু সাধারণ মানুষ। সিসিটিভি ক্যামেরার নজরদারির পাশাপাশি সামাজিক মাধ্যমে পুরো অনশন পর্বের লাইভ স্ট্রিমিং এর ব্যবস্থা করা হয়েছে।

এদিকে, মৎস বাধার অনুমতি না দেওয়া থেকে শুরু করে পুলিশের বিরুদ্ধে লাগাতার অসহযোগিতার অভিযোগ তুলেছেন আন্দোলনরত চিকিৎসকেরা। তবে কোনরকম চাপের কাছে তাঁরা মাথা নত করবেন না বলে আন্দোলনকারীরা জানিয়েছেন।

---

পার্কস্ট্রীট থানার এক মহিলা সিভিক ভলান্টিয়ারের শ্লীলতাহানির অভিযোগে ঐ থানার এক এসআই-কে ক্লোজ করা হয়েছে। শুক্রবার মাঝরাতে ঐ সিভিক ভলান্টিয়ারকে থানার রেস্ট রুমে ডেকে এনে তাঁর শ্লীলতাহানি করা হয় বলে পুলিশ সূত্রে জানা গেছে। মহিলাকে ঐ সাব ইন্সপেক্টর আগেও শ্লীলতাহানির চেষ্টা করে বলে অভিযোগ। ঐ মহিলার অভিযোগের ভিত্তিতে পুলিশ তদন্ত শুরু করেছে।

---

বীরভূমের রামপুরহাট মহকুমার মুরারই ব্লকের চাতরা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ডিউটি থাকাকালীন এক নার্সকে ধর্ষনের অভিযোগ উঠেছে চিকিৎসকের বিরুদ্ধে। হোমিওপ্যাথি বিভাগের চিকিৎসক চয়ন মুখোপাধ্যায়ের বিরুদ্ধে রামপুরহাট থানায় লিখিত অভিযোগ দায়ের করেন নির্যাতিতা। এরপরই তদন্ত শুরু করে পুলিশ। ঘটনার পর থেকেই নিখোঁজ ছিলেন চিকিৎসক। আজ কোলাঘাটের বাড়ি

থেকে তাঁকে গ্রেফতার করা হয়। যদিও অভিযুক্ত চিকিৎসকের পাশে দাঁড়িয়েছেন স্থানীয়রা। তাঁদের দাবি, এমন কাজ করতেই পারেন না ওই ডাক্তার।

---

ঙ্গপদী ভাষার মর্যাদা পাওয়ার পরই রাজ্যের বেসরকারি ইংরেজি মাধ্যম স্কুলগুলিতে বাংলা পড়ানো বাধ্যতামূলক করার ব্যাপারে রাজ্য সরকার পুনরায় উদ্যোগী হচ্ছে। শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু জানান, ইংরেজি মাধ্যম স্কুলগুলি যাতে তাদের সিলেবাসে বাংলা ভাষা অন্তর্ভুক্ত করে সেজন্য দুই কেন্দ্রীয় বোর্ড আইসিএসসি ও সিবিএসই-র কাছে রাজ্য সরকারের তরফে অনুরোধ জানানো হবে। এজন্য খুব শীঘ্ৰই দুই বোর্ডের কর্তাদের সঙ্গে আলোচনায় বসা হবে বলে শ্রী বসু জানিয়েছেন। অভিভাবকদেরও এই বিষয়টি ভেবে দেখার অনুরোধ করেছেন তিনি।

---

এক সময় নিয়মিত পাঠক্রমে থাকা পালি ভাষা পুনরায় বিদ্যালয় থেকে কলেজ স্তরে চালু করলে গবেষক এবং এই ভাষার কৃতি ছাত্র-ছাত্রীদের কর্মসংস্থানের ক্ষেত্রে বড় সুযোগ তৈরি হবে বলে মত প্রকাশ করেছেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের পালি ভাষার অধ্যাপক ডঃ শাশ্বতী মুৎসুন্দি। বাংলা, পালি, অসমীয়া সহ পাঁচটি ভাষাকে ভারত সরকার ঙ্গপদী ভাষার মর্যাদা দেওয়া প্রসঙ্গে বলতে গিয়ে অধ্যাপক মৎসুন্দি আকাশবাণী কে জানালেন-

(বাইট)

সরকারি স্বীকৃতি আসার ফলে এই ভাষার বিদেশী গবেষকরাও ভীষণভাবে উপকৃত হবেন।

---

পুজোর মধ্যে উত্তর ও দক্ষিণবঙ্গে কোথাও ভারী বৃষ্টির সম্ভাবনা নেই। দক্ষিণবঙ্গে অবস্থিত ঘূর্ণাবর্তটি তেমন শক্তিশালী নয় এবং ক্রমশঃ সেটি দুর্বল হয়ে পড়বে। আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে বলেন,

### বাইট সৌরিশ বন্দ্যোপাধ্যায়

নদীয়ার কল্যাণীর স্যান্যালচর এলাকায় ভাগীরথীর ভাঙ্গন শুরু হয়েছে। চাদুরিয়া দু নম্বর গ্রাম পঞ্চায়েত এলাকায় একটি স্কুল নদী গর্ভে তলিয়ে গেছে। ক্ষতিগ্রস্ত হয়েছে একাধিক বাড়ি ও চাষের জমি। নদীগর্ভে চলে গেছে বেশ কয়েকটি গ্রাম। এই পরিস্থিতিতে স্থানীয় গ্রামবাসীদের একাংশ ত্রিপল খাটিয়ে অন্যত্র বসবাস শুরু করেছেন।

পূর্ব বর্ধমানের জামালপুর ব্লকে আজ বন্যা পরবর্তী পরিস্থিতি পরিদর্শনে ঘান জেলাশাসক আয়েশা রানী এ। প্রশাসনিক আধিকারিকদের নিয়ে তিনি জ্যোৎস্নারামপুর পঞ্চায়েতের শিয়ালি, কোঁড়া এলাকায় ঘান। কথা বলেন সেখানকার বাসিন্দাদের সঙ্গে।